



ক্রমিক নং: প্রযুক্তি/২০২১-২০২২

তারিখ: ১৪ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষা ২০২১-২০২২

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি-১

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউট-এ ভর্তির লক্ষ্যে প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষার সাক্ষাৎকারে অংশগ্রহণকারি প্রার্থীদের প্রথম মাইগ্রেশন-এ বিষয় ও শিক্ষা প্রতিষ্ঠান মনোনয়ন দেওয়া হয়েছে। প্রার্থীদের মনোনীত বিষয় ও শিক্ষা প্রতিষ্ঠান দেখার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ওয়েব সাইটে (<https://collegeadmission.eis.du.ac.bd>) লগইন করতে হবে। প্রার্থীদের ০২ অক্টোবর ২০২২ হতে ১১ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে মনোনীত শিক্ষা প্রতিষ্ঠানে স্ব-শরীরে উপস্থিত হয়ে অফেরতযোগ্য ১,০০০.০০ (এক হাজার) টাকা জমা দিয়ে প্রাথমিকভাবে ভর্তি নিশ্চিত করতে হবে। মাইগ্রেশন চালু রাখার জন্য প্রার্থীদের অবশ্যই প্রাথমিকভাবে ভর্তি নিশ্চিত করতে হবে। প্রাথমিকভাবে ভর্তি নিশ্চিত না করলে প্রার্থীর বিষয় মনোনয়ন বাতিল হয়ে যাবে।

কোনো প্রার্থী প্রথম মাইগ্রেশন-এ প্রাপ্ত বিষয় ও শিক্ষা প্রতিষ্ঠানে চূড়ান্তভাবে ভর্তি হতে চাইলে সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউটের নির্ধারিত ভর্তি ফি এবং প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিয়ে চূড়ান্ত ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে। কোনো প্রার্থী বর্তমান মনোনীত বিষয়ের পর আর অটো মাইগ্রেশন না চাইলে ঐ প্রার্থীকে ডিন অফিসে এসে ১১ অক্টোবর ২০২২ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে নির্ধারিত ফরমে ২০০/- (দুইশত টাকা) ফি দিয়ে মাইগ্রেশন বন্ধের আবেদন করতে হবে। উল্লেখ্য যেসকল প্রার্থী পছন্দক্রমের ১ নং বিষয় পেয়ে গেছে তাদের অটো মাইগ্রেশন বন্ধের প্রয়োজন নেই।

যেসকল প্রার্থী সাক্ষাৎকারে গ্রেডশীটের ফটোকপি জমা দিয়েছে তাদের প্রথম মাইগ্রেশনে বিষয় আসার পর আগামী ১১ অক্টোবর ২০২২ তারিখ অপরাহ্ন ৩:০০ টার মধ্যে ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অফিসে মূল গ্রেডশীট জমা দিতে হবে। মূল গ্রেডশীট জমা না দিলে তাদের বিষয় মনোনয়ন বাতিল হয়ে যাবে।

সাক্ষাৎকারে অংশ গ্রহণ করেও প্রথম মাইগ্রেশনে যেসকল প্রার্থী কলেজ/ইনস্টিটিউট ও বিষয় মনোনয়ন পায়নি, সেসকল প্রার্থীদের অপেক্ষমান থাকতে হবে এবং নিয়মিত ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে লগইন করে (<https://collegeadmission.eis.du.ac.bd>) বিজ্ঞপ্তি ও মনোনীত বিষয় দেখতে হবে।


২৯/০৯/২০২২

(অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু)
ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
এবং

সমন্বয়কারী প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষা: ২০২১-২০২২ শিক্ষাবর্ষ
ঢাকা বিশ্ববিদ্যালয়